



বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)  
বিএসএল অফিস কমপ্লেক্স- ২ (৩য় তলা)  
১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০।  
www.bac.gov.bd

স্মারক নং. ৩৭.২৮.০০০০.১০৩.৪০.০০১.২২-১৬৭

তারিখ: ২৩ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ

০৬ এপ্রিল ২০২৩ খ্রিষ্টাব্দ

### সভার নোটিশ

সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২২-২৩-এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizens Charter) বাস্তবায়ন কর্মপরিকল্পনা [১.৩] নং অনুচ্ছেদ অনুসারে আগামী ১০ এপ্রিল ২০২৩ খ্রি. তারিখ সকাল ১১:০০ ঘটিকায় ভার্চুয়াল প্ল্যাটফর্মে (Zoom) সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে (এপ্রিল-জুন, ২০২৩) সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

(গৌতম চন্দ্র রায়)

পরিচালক (অর্থ, পরিকল্পনা ও আইসিটি) ও  
সভাপতি (সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি)  
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

### সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১-৪. পূর্ণকালীন সদস্য (সকল), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
৫. সচিব, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
৬. সম্মানিত অংশীজনগণ, নির্বাচিত দপ্তর ও সংস্থা;
- ৭-৯. পরিচালক (সকল), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
- ১০-১৪. উপপরিচালক (সকল), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
- ১৫-১৮. সহকারী পরিচালক (সকল), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
১৯. অফিস কপি।



বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)  
বিএসএল অফিস কমপ্লেক্স- ২ (৩য় তলা)  
১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০।  
www.bac.gov.bd

### কার্যবিবরণী

সভা : [১.৩] নং অনুচ্ছেদ অনুসারে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizens Charter) বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে সভা (এপ্রিল-  
জুন, ২০২৩)  
তারিখ : ১০/০৪/২০২৩ খ্রি.  
সময় : সকাল ১১:০০ ঘটিকা  
স্থান : Virtual Platform (Zoom)  
সভাপতি : প্রফেসর ড. সঞ্জয় কুমার অধিকারী, পূর্ণকালীন সদস্য (কিউএ ও এনকিউএফ), বিএসি

সভাপতি ভার্চুয়াল প্ল্যাটফর্মে (Zoom) সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় ২৭টি পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের স্টেকহোল্ডারগণ এবং কাউন্সিলের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন (উপস্থিতিপত্র: সংযুক্ত ক)। সভায় নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

১. আলোচনা: সভাপতি সভা আয়োজনের লক্ষ্য ও উদ্দেশ্য বিষয়ে সকলকে অবহিত করেন। কাউন্সিলের ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা অনুসারে আওতাধীন দপ্তর/সংস্থার অংশীজনদের সহযোগিতা একান্ত কাম্য মর্মে তিনি উল্লেখ করেন (অনুচ্ছেদ ২.২)। সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রম স্বচ্ছতা, জবাবদিহিতা, ও দ্রুততার সাথে নিশ্চিত করার বিষয়ে সভাপতি সকলকে একযোগে কাজ করার আহ্বান জানান। এ পর্যায়ে সভাপতি অংশীজনদের মধ্য থেকে প্রশ্ন করার অনুরোধ জানান।

অংশীজনদের মধ্য থেকে জানতে চান, প্রফেসর ড. মো. ওয়াসিম দেওয়ান এবং প্রফেসর ড. মো. শহীদুল ইসলাম, পরিচালক (IQAC), Stamford University, Dhaka. তিনি UNESCO, 2015 এবং Bangladesh National Qualifications Framework (BNQF)-এর আলোকে Course Evaluation, Assessment ইত্যাদির জন্য Course Calculation Software বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল থেকে সরবরাহের বিষয়ে জানতে চাইলে সভাপতি সভাকে জানান যে, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল থেকে এ ধরনের কোন উদ্যোগ গ্রহণ করা হয়নি। ২/৩টি বিশ্ববিদ্যালয়ে এ ধরনের Professional Software আছে। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়গুলোর সাথে যোগাযোগ করার বিষয়ে সভায় অনুরোধ জানানো হয়।


অংশীজনদের মধ্য থেকে আরও জানতে চান, প্রফেসর ড. নাজমুন সাকিব, Green University, Dhaka এবং প্রফেসর ড. সালেকুল, United International University, Dhaka. শিক্ষকগণ বিশ্ববিদ্যালয়সমূহে বিদ্যমান প্রোগ্রামসমূহের অ্যাক্রেডিটেশন কার্যক্রম, BNQF এর Outcome-Based Education (OBE), Outcome-Based Curriculum (OBC), GED বিষয়ে প্রশ্ন করেন। এ বিষয়ে সভাপতি সরকার নির্দেশিত নীতিমালা, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের গাইডলাইন, পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুসরণের অনুরোধ জানান। সভায় আরও অবহিত করা হয় যে, বিশ্ববিদ্যালয়সমূহে বিদ্যমান প্রোগ্রামসমূহকে অ্যাক্রেডিটেশনের আওতায় আনার পূর্বে অবশ্যই BNQF এর Learning Outcomes & Framework বিষয়ে নিবিড় অনুশীলন ও বিশ্লেষণের প্রয়োজন। এ বিষয়ে কাউন্সিলের পূর্ণকালীন সদস্য (অ্যাক্রেডিটেশন) প্রফেসর ড. এস. এম. কবীর একমত প্রকাশ করেন।

সভায় অংশগ্রহণকারী অংশীজনগণ পরিশেষে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের প্রশিক্ষণ এবং সেবা ব্যবস্থা নিয়ে সন্তোষ প্রকাশ করেন এবং কাউন্সিল কে ধন্যবাদ জানান।

২. সিদ্ধান্ত: অংশীজনগণের আলোচনা ও পরামর্শের আলোকে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizens Charter) -এর আওতায় কাউন্সিলের সংশ্লিষ্ট বিভাগের সাথে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

 10.04.2023

(গৌতম চন্দ্র রায়)

পরিচালক (অর্থ, পরিকল্পনা ও আইসিটি) ও  
সভাপতি (সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি)  
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল



